-০১-

৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.১৩০.২৩-১-২০২৩১২০৭_১২৩২৫৭

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.১৩০.২৩** নথির বিষয়: Supply of electrical sub-station related spare items for SKWP.
নোট: ১ নোটের বিষয়: **Supply of electrical sub-station related spare items for SKWP. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৯/১১/২৩ ১২:৫২ অপরাহ্ণ

ঢাকা ওয়াসার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট (সাকেওপা) গত ০১/০৪/২০১৯ইং তারিখ হতে পরিচালিত হচ্ছে। গত ০৫/০২/২০২০ইং তারিখে আলোচ্য প্লান্টটি ঢাকা ওয়াসার ডেভলপমেন্ট উইং হতে পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য পানি ও পয়ঃশোধনাগার সার্কেলকে হস্তান্তর করা হয়েছে । অত্র প্লান্টে ২টি আইআরপি (আইআরপি-১ ও ২) ও ৪৫টি পানির পাম্প রয়েছে (পরবর্তীতে আরও ১টি পানির পাম্প সম্পন্ন হলে অপারেশনে যুক্ত হবে)। প্লান্টটি অত্যাধুনিক স্ক্যাডা পরিচালতি ও নিয়ন্ত্রিত। অত্র প্লান্টের বিদ্যমান বিভিন্ন এলটি প্যানেলে বহুল ব্যবহৃত অতি প্রয়োজনীয় স্পেয়ার আইটেমসমূহের মধ্যে বিভিন্ন রেটিং এর এমসিসিবি সংগ্রহ করে সাকেওপা এর বিভাগীয় সাব-স্টোরে মজুত করে রাখা প্রয়োজন। জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের সময় পরিবর্তনের ক্ষেত্রে উক্ত স্পেয়ার আইটেমসমূহ ব্যবহৃত হবে। তাই, উক্ত আইটেমসমূহ সংগ্রহ ধরে আলোচ্য নথিতে প্রস্তাব উপস্থাপন করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৪):

১। ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও এপিপি এর কপি।.
২। সংগৃহিত কোটেশন।.
৩। টেকনিক্যাল স্পেসিফিকেশন।.
৪। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৯/১১/২৩ ১২:৫৩ অপরাহ্ণ

আলোচ্য সংগ্রহ কাজের জন্য বর্তমান বাজার দরের ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে (সংযুক্তি-২)। সংগৃহিত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরের আলোকে প্রাপ্ত দরের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳১৯,৯৯,৫০০/- (উনিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র (সংযুক্তি-৪)। এলটি প্যানেল রক্ষণাবেক্ষণ কাজের সংশ্লিষ্ট সংগ্রহতব্য মালামালসমূহের টেকনিক্যাল স্পেসিফিকেশন সংযুক্তি-৩ এ প্রদত্ত। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের "খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)" খাতের ক্রমিক নং-২৮(কোড নং-০১-০৪-০২৫) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৩৭ (G65) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৯/১১/২৩ ১২:৫৪ অপরাহ্ণ

এমতাবস্থায়, নোটানুচ্ছেদ নং- ১.০ ও ১.১ এর বর্ণনার প্রেক্ষিতে, ঢাকা ওয়াসার "সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট" এর বিদ্যমান স্ক্যাডা সিস্টেম মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের সংশ্লিষ্ট স্পেয়ার আইটেমসমূহের সংগ্রহ করার স্বার্থে **"Supply of electrical sub-station related spare items for SKWP"** শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নেবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহব্বানের অনুমোদন;
খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট ৳১৯,৯৯,৫০০/- (উনিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং
গ) আলোচ্য কাজটির ব্যয়ভার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের "খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)" খাতের ক্রমিক নং-২৮(কোড নং-০১-০৪-০২৫) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৩৭ (G65) হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা **প্রধান প্রকৌশলী** মহোদয়ের আওতাধীন।

২৯/১১/২৩ ৩:১৯ অপরাহ্ণ	২৯/১১/২৩ ৩:৪৮ অপরাহ্ণ	~~২৯/১১/২৩ ৩:৪৮ অপরাহ্ণ~~
সুদীপ্ত কুমার ঘোষ	কাজী বিল্লাল হোসেন	~~মাসুদুল আলম~~
উপ-সহকারী প্রকৌশলী	সহকারী প্রকৌশলী	~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/১১/২৩ ৪:৫২ অপরাহ্ণ

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৯/১১/২৩ ৪:৫৪ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	~~২৯/১১/২৩ ৪:৫৪ অপরাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৯/১১/২৩ ৯:৪৬ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

২৯/১১/২৩ ৯:৪৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~২৯/১১/২৩ ৯:৪৬ অপরাহ্ন~~ ~~মোঃ কামরুল হাসান, হাসান~~ ~~প্রধান প্রকৌশলী~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩০/১১/২৩ ১২:৫৮ অপরাহ্ন

অনুমোদিত

৩০/১১/২৩ ১২:৫৯ অপরাহ্ন মোঃ কামরুল হাসান, হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~৩০/১১/২৩ ১২:৫৯ অপরাহ্ন~~ ~~মাসুদুল আলম~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৩০/১১/২৩ ২:৩১ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৫ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

৩০/১১/২৩ ২:৩২ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	৩০/১১/২৩ ৫:৪৪ অপরাহ্ন কাজী বিল্লাল হোসেন সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	৭/১২/২৩ ১২:২৫ অপরাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ: ২.০

অনুচ্ছেদ: ১.৫ এর নির্দেশনার প্রেক্ষিতে Supply of electrical sub-station related spare items for SKWP কাজের দরপত্রের বিজ্ঞপ্তি কমপক্ষে বহুল প্রচারিত ১ টি ইংরেজি এবং ১ টি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ জানিয়ে উপ-প্রধানজনতথ্য কর্মকর্তা, ঢাকা ওয়াসা বরাবরে দরপত্র বিজ্ঞপ্তিসহ পত্র প্রেরণার্থে উপস্থাপিত স্বচ্ছ পত্র সদয় অবলোকন ও স্বাক্ষর করা যেতে পারে।

মোঃ জাহিদ আলম
অফিস ক্লার্ক
সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট ঢাকা ওয়াসা।

সংযুক্তি-০৫। স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৫০.২০১৫/১১৪৪; তারিখঃ-০৫/১২/২০২৩; আলোচ্য কাজেরজন্য **'উপ-প্রধানজনতথ্য কর্মকর্তা, ঢাকা ওয়াসা'হতে প্রাপ্ত টেন্ডার নোটিশের পেপার কাটিং সহ পত্র।**

সংযুক্তি-০৬। আলোচ্য কাজের জন্য e-GP System এ প্রকাশিত RFP notice, TDS & PCC.

সংযুক্তি-০৭। Tender Opening Report 1.

সংযুক্তি-০৮। Tender Opening Report 2.

সংযুক্তি-০৯। Tender Evaluation Report 1 – Eligibility Report.

সংযুক্তি-১০। Tender Evaluation Report 2 – Technical Responsive Report.

সংযুক্তি-১১। Tender Evaluation Report 3 – Financial Evaluation and Price Comparison Report.

সংযুক্তি-১২। Tender Evaluation Report 4 – Final Evaluation Report.

সংযুক্তি-১৩। Price Comparison Report (BOQ).

সংযুক্তি-১৪। Contract No- 46.05.0000.626.35.130.23. W65.97.65; Date: 20/12/2023. বিষয়ঃ আলোচ্য কাজের টেন্ডার মুল্যায়নে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠান M/S.Active International - কে প্রদত্ত Notification of Award (NOA).

সংযুক্তি-১৫। আলোচ্য কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান M/S.Active International কর্তৃক দাখিলকৃত Performance Security জমা প্রদানের ডকুমেন্টস; পেমেন্টের তারিখঃ- ২৭/১২/২০২৩।

অনুচ্ছেদঃ ২.১

e-GP System এ ১৭/১২/২০২৩ ইং আলোচ্য টেন্ডারের ওপেনিং যথাযথভাবে সম্পন্ন করে পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য ইলেকট্রনিকভাবে Chairman, Tender Evaluation Committee এর নিকট প্ররন করা হলে ইলেকট্রনিকভাবে প্ররণ করা হয়। আলোচ্য Supply of electrical sub-station related spare items for SKWP কাজটি (Tender No: 46.05.0000.626.35.130.23. W65.97.65) দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক মূল্যায়ন করা হয়েছে। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন সংযুক্তি- ০৯, ১০, ১১ ও ১২ এ প্রদান করা হল। আলোচ্য কাজের অনুকূলে দরদাতা M/S.Active International এর প্রদত্ত দর মূল্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীতহয়েছে। পিপিআর - ২০০৮ এর বিধি ১০২ (১) অনুযায়ী Performance Security এর টাকা জমাদান পূর্বক র্নিধারিত সময়ের মধ্যে চুক্তি সম্পাদনের জন্য ঠিকাদারের অনুকূলে Notification of Award (NOA) ইস্যু করা হয়েছে (সংযুক্তি-১৪)। তৎপ্রক্ষিতে সংশ্লিষ্ঠ ঠিকাদার পারফরমেন্স সিকিউরিটি এর দাখিল করেছেন (সংযুক্ত-১৫)। সে প্রেক্ষিতে M/S.Active International এবং EE, SKWP এর মধ্যে চুক্তি সম্পাদন করা যেতে পারে।

মোঃ জার্জিস আলম
অফিস ক্লার্ক
সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট ঢাকা ওয়াসা।

অনুচ্ছেদঃ ২.২

আলোচ্য কাজের ঠিকাদারকে ১২০ (একশত বিশ) দিনের কাজের সময় প্রদান করে কার্যাদেশ পত্র উপস্থাপন করা হল। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

মোঃ জার্জিস আলম
অফিস ক্লার্ক
সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট ঢাকা

সংযুক্তি-১৬। স্মারক নং-৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.১৩০.২৩-(CA) ৭৭; তারিখঃ- ২৮/১২/২০২৩; বিষয়ঃ আলোচ্য কাজের Contract Agreement.

সংযুক্তি-১৭। স্মারক নং-৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.১৩০.২৩-(WO) 78 ; তারিখঃ- ২৮/১২/২০২৩; বিষয়ঃ আলোচ্য কাজের কার্যাদেশ পত্র।